ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৩২৫২

আগরতলা, ১৫ অক্টোবর, ২০২৫

**বিভিন্ন ক্ষেত্রে ভারতকে আত্মনির্ভর করার জন্য তরুণ সমাজের বিরাট ভূমিকা রয়েছে ঃ শিল্প ও বাণিজ্য মন্ত্রী**

বিভিন্ন ক্ষেত্রে ভারতকে আত্মনির্ভর করার জন্য তরুণ সমাজের বিরাট ভূমিকা রয়েছে। উপযুক্ত প্রশিক্ষণের মাধ্যমে বিভিন্ন ক্ষেত্রে তাদের দক্ষতা আরও বাড়াতে হবে। এতে দেশ তথা সমাজ উপকৃত হবে। আজ ইন্দ্রনগরে অবস্থিত মহিলা আইটিআই কলেজের কনফারেন্স হলে আয়োজিত ‘কৌশল দিখশান্ত সমারোহে’ প্রধান অতিথির ভাষণে শিল্প ও বাণিজ্য দপ্তরের মন্ত্রী সান্ত্বনা চাকমা একথা বলেন। শিল্প ও বাণিজ্য দপ্তরের উদ্যোগে আয়োজিত এই সমারোহে বক্তব্য রাখতে গিয়ে শিল্প ও বাণিজ্য মন্ত্রী বলেন, রাজ্যের মোট ১৯টি আইটিআইকে আরও উন্নত করতে দপ্তর প্রতিনিয়ত কাজ করে চলেছে। আগামী দিনেও দপ্তর এই ধরণের প্রশিক্ষণ কর্মসূচির আয়োজন করবে। এবছর রাজ্য থেকে সর্বোচ্চ নম্বর পাওয়া ১৪ জন ছাত্রছাত্রীকে শুভেচ্ছা জানিয়ে তিনি বলেন, আগামী দিনে অন্যান্য যুবক-যুবতীরা তাদের দেখে উৎসাহিত হবেন এবং নিজেদের দক্ষতা বৃদ্ধির জন্য উদ্যোগী হবেন।

শিল্প ও বাণিজ্য দপ্তরের সচিব কিরণ গিত্যে সফল ছাত্রছাত্রীদের শুভেচ্ছা জানান। আগামী দিনে দপ্তরের বিভিন্ন পরিকল্পনা তিনি তাঁর বক্তব্যে তুলে ধরেন। স্বাগত ভাষণে দপ্তরের অতিরিক্ত অধিকর্তা সুভাষ দাস বলেন, এআইটিটি ২০২৫-এ সারা রাজ্য থেকে ক্র্যাফটসম্যান ট্রেইনিং স্কিমে ১,২৭৫ জন প্রশিক্ষণার্থী পাশ করেন। এর মধ্যে রাজ্যস্তরের সর্বোচ্চ নম্বর পাওয়া ১৪ জনকে আজ এই অনুষ্ঠানে সম্বর্ধনা দেওয়া হয়।

*****